2/164

দৈনিক ইত্তেফাক

তারিখ 14 DEC 1995
পৃষ্ঠা ১২ কলাম ৫

## আন্তঃশিক্ষা বোর্ড-কর্মচারীদের ৫ দফা দাবীতে কালোব্যাজ ধারণ

ইত্তেফাক রিপোর্ট ॥ বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড কর্মচারী ফেডারেশন তাহাদের ৫ দফা দাবী বাস্তবায়নের লক্ষ্যে গতকাল (বুধবার) অফিস চলাকালীন কালো-

(১০ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

### আন্তঃশিক্ষা মন্ত্রণালয়

( শেষ পৃঃ পর )

ব্যাজ ধারণ করে। আগামী ১৮ই ডিসেম্বর হইতে ২ ঘন্টা এবং ২১শে ডিসেম্বর হইতে ৪ ঘন্টা কর্মবিরতি পালন করা হইবে। দাবীগুলি হইল : স্ব স্ব বোর্ডে কমপিউটার সেল স্থানান্তর করা, সকল বোর্ডের বরখাস্ত ও সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীদের চাকুরীতে পুনঃ বহাল করা, শিক্ষা সচিবালয়ের সহকারী সচিব মিজানুর রহমানকে শিক্ষা বোর্ডগুলির দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান, আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটিতে অনুমোদিত শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনকৃত ও সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত সমন্বয়কৃত পদগুলি সকল বোর্ডে বাস্তবায়ন করিতে হইবে এবং কারিগরি শিক্ষা-বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড ও টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যানগণকে আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটিতে অন্তর্ভুক্ত করিতে হইবে। গত ৩রা ডিসেম্বর ফেডারেশনের সভাপতি মোঃ আমজাদ হোসেন বকশীর সভাপতিত্বে ফেডারেশনের কর্মকর্তা ও আমন্ত্রিত প্রতিনিধিদের এক সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়।